# বাংলাদেশ ও বিশ্ব পরিচয়

## প্রশ্নকাঠামো ও মানবন্টন : (বাওবি, বিজ্ঞান ও ধর্ম)

| | | |
|---|---|---|
| ১। | সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন (১৫টি প্রশ্ন থাকবে। ১৫টির উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান-২) | ২×১৫ = ৩০ |
| ২। | সঠিক শব্দ দিয়ে শূন্যস্থান পূরণ (১৪টি প্রশ্ন থাকবে। ১২টির উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান ১) | ১×১২ = ১২ |
| ৩। | মিলকরণ (বাম পাশে ৫টি থাকবে, ডান পাশে ৭টি থাকবে) : | ২×৫ = ১০ |
| ৪। | কাঠামোবদ্ধ উত্তর প্রশ্ন (১০টি প্রশ্ন থাকবে। ৮টির উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান ৬। প্রতিটি প্রশ্নের এক বা একাধিক অংশ থাকতে পারে) | ৬×৮ = ৪৮ |

## সম্ভাব্য সাজেশন্স (বাংলাদেশ ও বিশ্ব পরিচয়)

১। **সংক্ষিপ্ত প্রশ্ন :** (১৫টি প্রশ্ন থাকবে এবং ১৫টিরই উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান ২)
[বি.দ্র. ১নং প্রশ্নের উত্তরের জন্য পাঠ্যবই ভালোভাবে পড়তে হবে। সেক্ষেত্রে রিডিং থেকে প্রশ্ন তৈরি ও তার উত্তর গুলো বের করতে হবে।]

◊ নিচে নমুনা স্বরূপ কিছু উদাহরণ দেওয়া হলো−

১। ২৫শে মার্চ রাতকে 'কালোরাত' বলা হয় কেন? ২। 'মুজিবনগর সরকার' শপথ গ্রহণ করে কত তারিখে? ৩। 'মুক্তিফৌজ' গঠন করা হয় কীভাবে? ৪। মুক্তিবাহিনীর প্রধান সেনাপতি কে ছিলেন? ৫। অপারেশন সার্চলাইট বলতে তুমি কী বোঝ? ৬। সিরাজ-উদ-দৌলা কত বছর বয়সে বাংলার নবাব হন? ৭। ছিয়াত্তরের মন্বন্তর বলতে তুমি কী বোঝ? ৮। ১৭৫৭-১৯৪৭ সাল পর্যন্ত কারা বাংলা শাসন করে? ৯। ইস্টইন্ডিয়া কোম্পানির প্রথম শাসনকর্তা কে? ১০। তিতুমীর কী কারণে বাঁশের কেল্লা নির্মাণ করেছিলেন। ১১। পলাশির যুদ্ধ কত সালের কত তারিখে হয়েছিল? ১২। পাহাড়পুর কী নামে পরিচিত? ১৩। ময়নামতি সম্পর্কে তুমি কী জান? ১৪। লালবাগ কেল্লা কিসের তৈরি? ১৫। সোনারগাঁও এর পরিবর্তে ঢাকাকে কত সালে রাজধানী স্থাপন করা হয়? ১৬। বাংলাদেশের শতকরা কত ভাগ মানুষ কৃষি কাজের সাথে জড়িত? ১৭। বাংলাদেশের মানুষের প্রধান খাদ্য শস্য কী? ১৮। আলু চাষের জন্য উর্বর মাটি কী কী? ১৯। 'সোনালী আঁশ' বলা হয় কাকে? ২০। তামাক চাষকে কেন নিরুৎসাহিত করতে হবে? ২১। বাংলাদেশের মোট রপ্তানি আয়ের সিংহ ভাগ আসে কোথা থেকে? ২২। 'কুটির শিল্প' বলতে তুমি কী বোঝ? ২৩। বাংলাদেশে কৃষিজমির পরিমাণ কমে যাচ্ছে কেন? ২৪। গৃহহীন মানুষ শহরে চলে আসে কেন? ২৫। মৌলিক চাহিদা কি কি এবং অন্যতম চাহিদা কোনটি? ২৬। একটি দেশের অর্থনৈতিক উন্নয়নের অন্যতম শর্ত কী? ২৭। 'আবহাওয়া' কাকে বলে? ২৮। জলবায়ু পরিবর্তনের একটি কারণ লেখ? ২৯। ২০৫০ সালের মধ্যে বাংলাদেশের কত শতাংশ এলাকা সমুদ্রে তলিয়ে যেতে পারে? ৩০। তোমার মতে, নদী ভাঙনের প্রধান কারণ কী? ৩১। বড় ধরণের ভূমিকম্পের দ্বিতীয় ঝুঁকি হিসেবে কী হওয়ার আশঙ্কা রয়েছে? ৩২। জাতিসংঘ 'মানবাধিকার ঘোষণাপত্র' দেন কত সালের কত তারিখে? ৩৩। অটিস্টিক শিশুর ২টি বৈশিষ্ট্য লেখ। ৩৪। কত বছরের নিচে শিশু শ্রম বেআইনি। ৩৫। মানবাধিকার রক্ষায় আমাদের কী করা উচিত? ৩৬। নারী জাগরণের অগ্রদূত এর নাম কী? ৩৭। নারী নির্যাতনের ২টি কারণ লেখ? ৩৮। বেগম রোকেয়া দিবস কত তারিখে? ৩৯। আন্তর্জাতিক নারী দিবস কত তারিখে? ৪০। নারী উন্নয়ন নীতি প্রবর্তন করা হয় কত সালে? ৪১। রাস্তায় দুর্ঘটনা ঘটার অন্যতম কারণ কী বলে তুমি মনে কর? ৪২। রাষ্ট্রের নাগরিকদের নিয়মিত কর দেওয়া উচিত কেন? ৪৩। তোমার মতে আইন অমান্য করলে কী হয়? ৪৪। কত বছর বয়স হলে তুমি ভোট দিতে পারবে বলে মনে কর? ৪৫। গণতান্ত্রিক মনোভাব বলতে কী বোঝ? ৪৬। গণতন্ত্র আমাদের কী শেখায় বলে তুমি মনে কর? ৪৭। বিদ্যালয়ে গণতন্ত্র চর্চার ২টি উদাহরণ লেখ। ৪৮। গাছ না লাগিয়ে শুধু গাছ কাটলে কী ঘটতে পারে? ৪৯। ইউনেস্কো কাদের ভাষা ঝুকিপূর্ণ বলে মনে করেন। ৫০। যারা পান সুপারি দিয়ে অতিথীদের আপ্যায়ন করে তাদের প্রধান দেবতার নাম কী? ৫১। খাসি জনগোষ্ঠী কেন পান সুপারি দিয়ে অতিথিদের আপ্যায়ন করেন? ৫২। যারা পান সুপারি দিয়ে অতিথিদের আপ্যায়ন করেন তাদের ভাষার নাম কী? ৫৩। যারা 'কের' পূজা করেন তাদের ভাষার নাম কী? ৫৪। কখন জাতিসংঘ গঠিত হয় বলে তুমি মনে কর? ৫৫। কবে বাংলাদেশ জাতিসংঘের সদস্যপদ লাভ করে বলে তুমি মনে কর? ৫৬। বাংলাদেশ কবে জাতিসংঘের সাধারণ পরিষদের সভাপতির দায়িত্ব পালন করেন? ৫৭। পৃথিবীতে বাংলাদেশসহ কতটি দেশ আছে বলে তুমি মনে কর? ৫৮। ইউনিসেফ এর পুরো নাম কী? ৫৯। দক্ষিণ এশিয়ার আঞ্চলিক সহযোগিতার উদ্দেশ্যে একটি প্রতিষ্ঠান গঠন করা হয়। এটি কখন গঠন করা হয়? ৬০। সার্ক কেন বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার সাথে সদস্য দেশগুলোর সম্পর্ক স্থাপন করে? ৬১। শিশুদের মানসিক ও আচরণগত পরিবর্তনের মূল কারণ কী? ৬২। অটিজম কী?

২। **সঠিক শব্দ দিয়ে শূন্যস্থান পূরণ :** (১৪টি প্রশ্ন থাকবে। ১২টির উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান ১)
[বি.দ্র. ২নং প্রশ্নের উত্তরের জন্য পাঠ্যবই ভালোভাবে পড়তে হবে। সেক্ষেত্রে রিডিং থেকে প্রশ্ন তৈরি ও তার উত্তর গুলো বের করতে হবে।]

◊ নিচে নমুনা স্বরূপ কিছু উদাহরণ দেওয়া হলো−

১। মুক্তিযুদ্ধ আমাদের জাতির ইতিহাসে একটি --- ঘটনা। ২। মুক্তিযুদ্ধে সেক্টর ছিল --- টি। ৩। পূর্ব ও পশ্চিম পাকিস্তান নিয়ে গঠিত হয় ---। ৪। ১৯৬৬ সালে --- দফা আন্দোলন হয়। ৫। মুজিব নগর সরকার গঠন করা হয় ১৯৭১ সালের --- এপ্রিল। ৬। --- সালে বঙ্গভঙ্গ রদ করা হয়। ৭। ১৭৫৭−১৮৫৭ পর্যন্ত শাসনকাল --- পরিচিত। ৮। তিতুমির ইংরেজ বাহিনীকে প্রতিহত করার জন্য --- নির্মাণ করেন। ৯। ইংরেজরা ১৬০০ সালে --- কোম্পানি গঠন করে। ১০। ছিয়াত্তরের মন্বন্তর হয় বাংলা --- সালে। ১১। পাহাড়পুর --- বিভাগের নওগাঁ জেলায় অবস্থিত। ১২। মৌর্য আমলে মহাস্থানগড় পরিচিত ছিল --- নামে। ১৩। উয়ারী বটেশ্বরে পাওয়া গেছে --- আমলের নিদর্শন। ১৪। সোনারগাঁও লোকশিল্প জাদুঘর প্রতিষ্ঠিত হয় --- সালে। ১৫। পাহাড়পুরে পাওয়া গেছে --- আমলের নিদর্শন। ১৬। তামাকের চাষ বেশি হয় --- জেলায়। ১৭। বাংলাদেশে ৩টি সরকারি --- রয়েছে। ১৮। পাট আমাদের প্রধান --- ফসল। ১৯। অতিরিক্ত জনসংখ্যার ফলে --- ক্ষেত্রে রাস্তাঘাটে অনেক সমস্যার সৃষ্টি হয়। ২০। বাংলাদেশের প্রধান খাদ্যশস্য ---। ২১। বর্তমান জমির উৎপাদনশীলতা বৃদ্ধির জন্য --- ব্যবহৃত হচ্ছে। ২২। শতভাগ --- হার নিশ্চিত করতে হবে। ২৩। পোশাকের অভাবে অনেকশিশু --- আসতে পারে না। ২৪। কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে বিভিন্ন কাজের --- দেওয়া হয়। ২৫। বাংলাদেশের মোট জনসংখ্যার --- শতাংশ অক্ষরজ্ঞানহীন।

২৬। দেশের অর্থনৈতিক ভারসাম্য রক্ষার্থে আমরা --- বাড়ানোর পরামর্শ করে। ২৭। বড় ধরনের ভূমিকম্পের পর --- হওয়ার আশঙ্কা রয়েছে। ২৮। বাংলাদেশের --- অঞ্চল অধিক ভূমিকম্প প্রবণ। ২৯। মাটির --- বেড়ে কৃষি জমির ক্ষতি হচ্ছে। ৩০। ২০৫০ সালের বাংলাদেশের --- শতাংশ তলিয়ে যেতে পারে। ৩১। মাটির --- বেড়ে কৃষি জমির ক্ষতি হচ্ছে। ৩২। বাংলাদেশের --- অঞ্চল অধিক ভূমিকম্প প্রবণ। ৩৩। বাংলাদেশের উত্তর-পশ্চিম অঞ্চল --- শিকার। ৩৪। মানুষ জন্মগতভাবে ---। ৩৫। আমরা সকলের --- রক্ষায় কাজ করব। ৩৬। নারী-পুরুষের মধ্যে --- প্রয়োজন। ৩৭। মহিলা ও শিশু বিষয়ক --- নারী নির্যাতন প্রতিরোধে কাজ করছে। ৩৮। ২০১২ সালে জাতীয় --- উন্নয়ন নীতি প্রবর্তন করা হয়েছে। ৩৯। অটিস্টিক শিশুদের --- কম। ৪০। খালি পায়ে বা ভেজা হাতে --- ধরব না। ৪১। নাগরিক হিসাবে আমাদের কর্তব্য নিয়মিত --- দেওয়া। ৪২। রাস্তা পারাপারে --- ব্যবহার করব। ৪৩। --- সাথে যেকোন গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা করতে হবে। ৪৪। পরস্পরের মতের প্রতি --- হব। ৪৫। সমাজে আমাদের নানা-রকম সিদ্ধান্ত নিতে হয় --- ভিত্তিতে। ৪৬। গারোদের নিজস্ব ভাষার নাম ---। ৪৭। ম্রো নারীদের ঐতিহ্যবাহী পোশাকের নাম ---। ৪৮। খাসিদের প্রধান দেবতার নাম ---। ৪৯। গারো নারীদের ঐতিহ্যবাহী পোশাকের নাম ---। ৫০। একজন গারো বীরযোদ্ধার নাম ---। ৫১। ত্রিপুরাদের নববর্ষের উৎসবের নাম ---। ৫২। ওঁরাওদের ভাষার নাম --- ও ---। ৫৩। পৃথিবীতে বাংলাদেশসহ --- টি দেশ আছে। ৫৪। জাতিসংঘের প্রধান লক্ষ্য --- প্রতিষ্ঠা। ৫৫। জাতিসংঘের বর্তমান মহাসচিব ---। ৫৬। বিশ্বের দেশগুলোর মধ্যে --- থাকা খুবই প্রয়োজন। ৫৭। আফগানিস্তান সার্কে যুক্ত হয় --- সালে। ৫৮। ১৯৪৫ সালের ২৪শে অক্টোবর গঠিত হয় ---। ৫৯। --- পুরো নাম জাতিসংঘ আন্তর্জাতিক শিশু তহবিল। ৬০। --- সাথে সমুদ্রসীমা নিয়ে বিরোধে বাংলাদেশ নিজের পক্ষে রায় পায়।

৩। **মিল করণ ঃ** (বামপাশে ৫টি থাকবে, ডানপাশে ৭টি থাকবে)

[বি.দ্র. ৩নং প্রশ্নের উত্তরের জন্য পাঠ্যবই ভালোভাবে পড়তে হবে। সেক্ষেত্রে রিডিং থেকে প্রশ্ন তৈরি ও তার উত্তর গুলো বের করতে হবে।]

◊ নিচে নমুনা স্বরূপ কিছু উদাহরণ দেওয়া হলো–

১। বাম পাশের বাক্যাংশের সাথে ডান পাশের বাক্যাংশগুলো মিল কর ঃ

| বামপাশ | ডানপাশ |
|---|---|
| ক) বাঙালিরাও সঙ্গে সঙ্গে | বিশ্বের বিভিন্ন দেশে মুক্তিযুদ্ধের পক্ষে কাজ করেন। |
| খ) ভারতের বিভিন্ন অঞ্চলে | পাকিস্তানি বাহিনী আত্মসমর্পণ করতে বাধ্য হয়। |
| গ) প্রবাসী বাঙালিরা | প্রতিবাদ আন্দোলন শুরু করে। |
| ঘ) রাজাকাররা হানাদারদের | পথ চিনিয়ে, ভাষা বুঝিয়ে ধ্বংসযজ্ঞ চালাতে সাহায্য করে। |
| ঙ) ১৯৭১ সালের ১৬ই ডিসেম্বর | যোদ্ধাদের প্রশিক্ষণ দেওয়া হতো। |
| | বাঙালিদের থাকার ব্যবস্থা করা হয়। |
| | মুক্তিযুদ্ধে অংশ নেয়। |

২। বাম পাশের বাক্যাংশের সাথে ডান পাশের বাক্যাংশগুলো মিল কর ঃ

| বামপাশ | ডানপাশ |
|---|---|
| ক) বাংলার শেষ স্বাধীন নবাব ছিলেন | ইস্ট-ইন্ডিয়া কোম্পানির শাসন চলে। |
| খ) ১৭৫৭ থেকে ১৮৫৭ সাল পর্যন্ত একশ বছর এদেশে | একটি বাঁশের কেল্লা নির্মাণ করেছিলেন। |
| গ) শিক্ষা ও যোগাযোগ ব্যবস্থার উন্নয়নের ফলে | ব্রিটিশদের পক্ষে অংশগ্রহণ করে। |
| ঘ) তিতুমীর ইংরেজ বাহিনীকে প্রতিহত করার জন্য | সিরাজ-উদ-দৌলা। |
| ঙ) প্রথম ও দ্বিতীয় বিশ্বযুদ্ধে ভারতের অনেক সাহসী তরুণ | উনিশ শতকে বাংলা নবজাগরণ ঘটে। |
| | ব্রিটিশ শাসন ছিল। |
| | বাংলার ব্যাপক উন্নয়ন সাধিত হয়। |

৩। বাম পাশের বাক্যাংশের সাথে ডান পাশের বাক্যাংশগুলো মিল কর ঃ

| বামপাশ | ডানপাশ |
|---|---|
| ক) বগুড়া শহর থেকে প্রায় ১৩ কিলোমিটার উত্তরে | রৌপ্যমুদ্রা, হাতিয়ার এবং পাথরের পুঁতি। |
| খ) উয়ারী-বটেশ্বরে প্রাপ্ত জিনিসের মধ্যে রয়েছে | সতের শতকের ঐতিহাসিক নিদর্শন। |
| গ) বাংলাদেশের দক্ষিণ পূর্ব অঞ্চলে | মহাস্থানগড় অবস্থিত। |
| ঘ) সোনারগাঁও ও লালবাগ কেল্লা | বাংলার নবাবদের রাজপ্রসাদ। |
| ঙ) বুড়িগঙ্গা নদীর তীরে নির্মিত আহসান মঞ্জিল ছিল | কুমিল্লা শহরের কাছে ময়নামতি অবস্থিত। |
| | আঠারো শতকের ঐতিহাসিক নিদর্শন। |
| | বিষ্ণু মূর্তি ও টেরাকোটা। |

৪। বাম পাশের বাক্যাংশের সাথে ডান পাশের বাক্যাংশগুলো মিল কর ঃ

| বামপাশ | ডানপাশ |
|---|---|
| ক) কোম্পানির শাসনামল | লর্ড ক্লাইভ। |
| খ) ইস্ট-ইন্ডিয়া কোম্পানির প্রথম শাসনকর্তা | ইংরেজদের বিরুদ্ধে। |
| গ) তিতুমীরের বাঁশের কেল্লা অবস্থিত | পাকিস্তানের বিরুদ্ধে। |
| ঘ) প্রীতিলতা অভিযান করেছিলেন | বাংলার নবাব হন। |
| ঙ) ১৭৫৬ সালে সিরাজ-উদ-দৌলা | ১৭৫৭–১৮৫৭ খ্রিষ্টাব্দ। |
| | নারকেল বাড়িয়ায়। |
| | ওয়ারেন হেস্টিংস। |

৫। বাম পাশের বাক্যাংশের সাথে ডান পাশের বাক্যাংশগুলো মিল কর ঃ

| বামপাশ | ডানপাশ |
|---|---|
| ক) বাংলাদেশের বেশির ভাগ মানুষ | চাহিদা দিন দিন বাড়ছে। |
| খ) বাংলাদেশের গমের তৈরি খাবারের | কৃষির সাথে জড়িত। |
| গ) পাট, চা ও তামাক | তাঁত, রেশম, কাঁসা, মৃৎ। |
| ঘ) বাংলাদেশের ক্ষুদ্র ও কুটির শিল্প | খাদ্য পণ্য, তৈরি পোশাক, শিল্পের কাঁচামাল। |
| ঙ) কাগজ কল গুলোতে গাছের গুড়ি দিয়ে | অর্থকরী কৃষিদ্রব্য। |
| | কাগজ তৈরি করা হয়। |
| | শিল্পের সাথে যুক্ত। |

৬। বাম পাশের বাক্যাংশের সাথে ডান পাশের বাক্যাংশগুলো মিল কর ঃ

| বামপাশ | ডানপাশ |
|---|---|
| ক) অতিরিক্ত জনসংখ্যার বসতি স্থাপনের কারণে | আমাদের দেশের নানা পেশার মানুষ। |
| খ) জাতিসংঘের তথ্যমতে, বাংলাদেশের | বাংলাদেশের প্রায় দশ লক্ষ মানুষ গৃহহীন। |
| গ) বিদেশে কর্মরত আছে | সরকারি ও বেসরকারি পর্যায়ে বিনিয়োগ বাড়াতে হবে। |
| ঘ) গৃহ নির্মাণে | নিশ্চিত করতে হবে। |
| ঙ) শত ভাগ সাক্ষরতার হার | কৃষি জমির পরিমাণ কমে যাচ্ছে। |
| | প্রায় ২০ লক্ষ মানুষ গৃহহীন। |
| | আমাদের দেশের অনেক নর-নারী। |

৭। বাম পাশের বাক্যাংশের সাথে ডান পাশের বাক্যাংশগুলো মিল কর ঃ

| বামপাশ | ডানপাশ |
|---|---|
| ক) সাধারণত ৩০-৪০ বছরের বেশি সময়ের আবহাওয়ার গড়কে | কৃষিজমির ক্ষতি হচ্ছে। |
| খ) মাটির লবণাক্ততা বেড়ে | বাংলাদেশে ভূমিকম্পের নিশ্চিত ঝুঁকি রয়েছে। |
| গ) ২০৫০ সালের মধ্যে | একটি অন্যতম প্রাকৃতিক কারণ। |
| ঘ) বন্যা নদী ভাঙনের | জলবায়ু বলা হয়। |
| ঙ) ভৌগোলিক অবস্থানের কারণে | বাংলাদেশের ২০ শতাংশ এলাকা সমুদ্রে তলিয়ে যেতে পারে। |
| | ফসল ক্ষতি হচ্ছে। |
| | বাংলাদেশের ৩০ শতাংশ এলাকা সমুদ্রে তলিয়ে যেতে পারে। |

৮। বাম পাশের বাক্যাংশের সাথে ডান পাশের বাক্যাংশগুলো মিল কর ঃ

| বামপাশ | ডানপাশ |
|---|---|
| ক) আমরা সবার | অন্যের স্পর্শে আঁতকে ওঠে। |
| খ) আর্টিস্টিক শিশুরা | মেয়েরা পিছিয়ে থাকে। |
| গ) পরিবারের সামর্থ্য না থাকায় | মানবাধিকার রক্ষায় কাজ করব। |
| ঘ) চাকরির ক্ষেত্রে ও | পাচার করা হয়। |
| ঙ) শিশুদের বিদেশে | শহরের অনেক শিশু গৃহহীন। |
| | ভয় পায়। |
| | মৌলিক অধিকার রক্ষায় কাজ করব। |

৯। বাম পাশের বাক্যাংশের সাথে ডান পাশের বাক্যাংশগুলো মিল কর ঃ

| বামপাশ | ডানপাশ |
|---|---|
| ক) সাবধানে পথ চললে | দায়িত্ব-কর্তব্য রয়েছে। |
| খ) ট্রাফিক নিয়ম মানলে | লক্ষ্য রাখতে হবে। |
| গ) সৎ ও যোগ্য লোককে ভোট দেওয়া | দুর্ঘটনায় পড়তে হয়। |
| ঘ) নাগরিক হিসেবে রাষ্ট্রের প্রতি আমাদের অনেক | রাষ্ট্রের প্রতি অনুগত থাকা। |
| ঙ) রাষ্ট্রের সম্পদ যাতে নষ্ট না হয় আমাদের সেদিকে | নিরাপদে পথ চলা যায়। |
| | নাগরিকের দায়িত্ব। |
| | প্রত্যেকের দায়িত্ব। |

১০। বাম পাশের বাক্যাংশের সাথে ডান পাশের বাক্যাংশগুলো মিল কর ঃ

| বামপাশ | ডানপাশ |
|---|---|
| ক) অধিকাংশের মতামতের ভিত্তিতে | একটি সামাজিক গুণ। |
| খ) গণতান্ত্রিক মনোভাব | একটি রাজনৈতিক গুণ। |
| গ) বাংলাদেশ রাষ্ট্র পরিচালনার মূলনীতি | গণতান্ত্রিক পদ্ধতিতে। |
| ঘ) দলনেতা নির্বাচন করা উচিত | সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। |
| ঙ) রাজনৈতিকভাবে বাংলাদেশ একটি | গণতন্ত্র। |
| | জনগণের শাসন। |
| | গণতান্ত্রিক রাষ্ট্র। |

১১। বাম পাশের বাক্যাংশের সাথে ডান পাশের বাক্যাংশগুলো মিল কর ঃ

| বামপাশ | ডানপাশ |
|---|---|
| ক) গারোদের প্রধান খাবার | তোরাই। |
| খ) খাসিদের প্রধান খাদ্য | বিভিন্ন দেবতার পূজা করো। |
| গ) ম্রোদের নিজস্ব ধর্মের নাম | ভাত, মাছ, মাংস ও বিভিন্ন ধরণের শাকসবজি। |
| ঘ) ত্রিপুরা জনগোষ্ঠী | সমাজে দলবদ্ধভাবে বাস করে। |
| ঙ) ওঁরাও জনগোষ্ঠী | ভাত, মাংস, শুঁটকি মাছ, মধু ইত্যাদি। |
| | সমাজে পৃথকভাবে বাস করে। |
| | ভাত, রুটি, মাছ, মাংস ইত্যাদি। |

১২। বাম পাশের বাক্যাংশের সাথে ডান পাশের বাক্যাংশগুলো মিল কর ঃ

| বামপাশ | ডানপাশ |
|---|---|
| ক) বাংলাদেশ জাতিসংঘের সদস্য হয় | নিরাপত্তা পরিষদ। |
| খ) মায়ানমারের সাথে সমুদ্রসীমা বিরোধের রায় দেয় | ১৯৭৪ সালে। |
| গ) বিশ্বের শান্তি ও নিরাপত্তা রক্ষায় দায়িত্ব পালন করে | সার্ক গঠিত হয়। |
| ঘ) সার্ক একটি | আন্তর্জাতিক আদালত। |
| ঙ) ১৯৮৫ সালের ডিসেম্বর মাসে | ২০১২ সালে। |
| | আঞ্চলিক সহযোগিতা সংস্থা। |
| | অছি পরিষদ। |

৪। **যোগ্যতাভিত্তিক ঃ** (১০টি থাকবে। ৮টির উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান ৬)

১। পাকিস্তান সৃষ্টির পর বাঙালিরা প্রথম সংস্কৃতি রক্ষার জন্য আন্দোলন শুরু করে। আন্দোলনটির নাম কী? ৫টি বাক্যে এ আন্দোলনের তাৎপর্য লেখ।

২। বাংলাদেশের প্রথম অস্থায়ী সরকারের নাম কী? এ সরকার গঠন করা হয় কেন? এ সরকারের চারটি সফলতা লেখ।

৩। মুক্তিযুদ্ধ পরিচালনার জন্য ১৯৭১ সালের ১১ জুলাই একটি বাহিনী গঠন করা হয়। বাহিনীটির নাম কী? বাহিনীটি কয়টি ব্রিগেড ফোর্সে বিভক্ত ছিল? বাহিনীটির সম্পর্কে ৪টি বাক্য লেখ।

৪। অপারেশন সার্চ লাইট কী? অপারেশন সার্চ লাইট পরিচালিত হয়েছিল কেন? অপারেশন সার্চ লাইটের তিনটি ফলাফল লেখ।

৫। মুক্তিযুদ্ধ কী? মুক্তিযুদ্ধে নারীদের ভূমিকা ৩ বাক্যে লেখ এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের ২টি ভূমিকা লেখ?

৬। ১৪ই ডিসেম্বর শহিদ বুদ্ধিজীবী দিবস পালন করা হয় কেন পাঁচ বাক্যে লিখ।

৭। নবজাগরণ বলতে কী বুঝ? নবজাগরণের ফলাফল কী ছিল তার ইতিবাচক ও নেতিবাচক দিক লেখ।

৮। কত সালে পলাশীর যুদ্ধ হয়েছিল? পলাশীর যুদ্ধ কেন হয়েছিল? পলাশীর যুদ্ধের ৪টি ফলাফল লেখ।

৯। ইংরেজ শক্তির বিরুদ্ধে এক যুদ্ধে নবাব সিরাজ-উদ-দৌলা পরাজিত হন। এ যুদ্ধের নাম কী ছিল? এ যুদ্ধ কখন সংঘটিত হয়? এ যুদ্ধে নবাব সিরাজ-উদ-দৌলার পতনের ৪টি কারণ লেখ।

১০। কত বছর বয়সে সিরাজ-উদ-দৌলা বাংলার নবাব হন? সিংহাসনে আরোহনের পর তাকে কোন শক্তির মুখোমুখি হতে হয়? নবাবের বিরুদ্ধে তিনজন ষড়যন্ত্রকারীর পরিচয় দাও।

১১। বাংলায় নবজাগরণের ফলাফল কী ছিল? পাঁচ বাক্যে লেখ।

১২। মনে কর, বিদ্যালয়ের বার্ষিক ছুটিতে তুমি তোমার পরিবারের সাথে ময়নামতি প্রত্নস্থলে বেড়াতে গিয়েছ। এটি কোন সভ্যতার নিদর্শন? এটি কোন রাজার স্ত্রীর ইতিহাসের সাথে জড়িত? এর ৪টি বৈশিষ্ট্য বর্ণনা কর।

১৩। লালবাগ কেল্লা কোথায় অবস্থিত? লালবাগ কেল্লা কীসের তৈরি? এই নিদর্শন সম্পর্কে ৪টি বাক্য লেখ?

১৪। বুড়িগঙ্গা নদীর তীরে নির্মিত আহসান মঞ্জিল ছিল বাংলার নবাবদের রাজপ্রাসাদ। উক্ত মঞ্জিল সম্পর্কে ৬টি বাক্য লেখ।

১৫। বাংলাদেশের একটি বিশেষ খ্যাতনামা ঐতিহাসিক স্থান যেটি বগুড়া শহর থেকে কত কিলোমিটার উত্তরে অবস্থিত। এ ঐতিহাসিক স্থানটির নাম কী? স্থানটি কোন নদীর তীরে অবস্থিত? স্থানটি সম্পর্কে ৪টি বাক্য লেখ।

১৬। কৃষিপ্রধান দেশ হলেও দেশটি একটি শিল্পের জন্য বিখ্যাত। এদেশ কোন শিল্পের জন্য বিখ্যাত? তারপরেও বিদেশ থেকে আমাদের উক্ত শিল্পপণ্য আমদানি করতে হয় কেন? পোশাক শিল্পের ৪টি গুরুত্ব বর্ণনা কর।

১৭। আমাদের দেশে দিন দিন একটি ফসলের চাষ প্রসার লাভ করছে, যেটি দেশের উত্তর-পশ্চিমাঞ্চলে বেশি হয়। ফসলটির নাম কী? ফসলটি কখন চাষ করা হয়? ফসলটি সম্পর্কে ৪টি বাক্য লেখ।

১৮। বাংলাদেশের একটি অর্থকরী কৃষিপণ্য সিলেট ও চট্টগ্রাম এলাকায় বেশি উৎপন্ন হয়। এ অর্থকরী কৃষিপণ্যটির নাম কী? কৃষিপণ্যটি সম্পর্কে চারটি গুরুত্বপূর্ণ তথ্য লেখ।

১৯। পাট কী? পাটকে সোনালী আঁশ বলা হয় কেন? পাটের ৪টি ব্যবহার লেখ।

২০। তামাক কী? তামাক চাষ নিরুৎসাহিত করা প্রয়োজন কেন? তামাকের চারটি ক্ষতিকর দিক লেখ।

২১। মনে কর, তোমাদের এলাকার অধিকাংশ শিশু বিদ্যালয়ে আসে না। তুমি তোমাদের এলাকার শিশুদের বিদ্যালয়ে আনার জন্য কী করবে ৬টি বাক্যে লেখ।

২২। দক্ষ জনসম্পদ বলতে কী বুঝ? কীভাবে জনসংখ্যাকে দক্ষ জনসম্পদে রূপান্তর করা যায় ৫টি বাক্যে লেখ।

২৩। মজিদ মিয়ার ছেলে মেয়ের সংখ্যা ছয়জন। অভাবের কারণে তারা স্কুলে যায় না। মজিদ মিয়ার সন্তানেরা কোন চাহিদা থেকে বঞ্চিত হচ্ছে? উক্ত চাহিদার ওপর অতিরিক্ত জনসংখ্যার প্রভাব সম্পর্কে চারটি বাক্য লেখ।

২৪। অতিরিক্ত জনসংখ্যা কী? জনসংখ্যা সমস্যা সমাধানের প্রয়োজন কেন? জনসংখ্যা সমস্যা সমাধানের ৪টি উপায় লেখ।

২৫। জনসংখ্যাকে জনসম্পদে রূপান্তরের পাঁচটি উপায় লেখ।
২৬। সুমনা খবরে দেখল উত্তরাঞ্চলের কয়েকটি গ্রামের নদী, খাল, বিল শুকিয়ে গেছে। ফসল না ফলাতে পেরে কৃষকরা হাহাকার করছে। সুমনা খবরে কোন দুর্যোগটি দেখলো? উক্ত দুর্যোগটি কেন হয়? দুর্যোগটির ৪টি কারণ উল্লেখ কর।
২৭। ভৌগোলিক অবস্থানের কারণে বাংলাদেশ একটি দুর্যোগের ঝুঁকিতে রয়েছে যার কোনো পূর্বাভাস পাওয়া যায় না। দুর্যোগটির নাম কী? উক্ত দুর্যোগ সম্পর্কে ৫টি বাক্য লেখ।
২৮। ভূমিকম্প কী? বাংলাদেশে কেন ভূমিকম্পের ঝুঁকি রয়েছে? ভূমিকম্পের ঝুঁকি সম্পর্কে ৫টি বাক্য লেখ।
২৯। দুর্যোগ কী? দুর্যোগের পূর্বাভাস জানা প্রয়োজন কেন? দুর্যোগ পরবর্তী ৪টি করণীয় লেখ।
৩০। ভূমিকম্প কোন ধরণের দুর্যোগ? ভূমিকম্পের পূর্বের ৩টি প্রস্তুতি এবং পরের ২টি প্রস্তুতি লেখ।
৩১। তোমার বিদ্যালয়ে একটি অটিস্টিক শিশু রয়েছে। তাকে চেনার জন্য ৪টি বৈশিষ্ট্য লেখ। তার সাথে তুমি কিরূপ ব্যবহার করবে তা দুটি বাক্যে লেখ।
৩২। সাত বছর বয়সী রাজিব একটি ইটের ভাটায় কাজ করে। রাজিবের কোন অধিকার লঙ্ঘিত হচ্ছে। এ ধরনের অধিকার লঙ্ঘনের আরও ৫টি কাজ উল্লেখ কর।
৩৩। শিশু কারা? আমরা শিশুদের মানবাধিকার রক্ষায় কীভাবে কাজ করতে পারি ৩টি বাক্যে লেখ? শিশু অধিকার লঙ্ঘনের ৩টি কারণ লেখ।
৩৪। আমাদের সমাজে মেয়েরা নানাভাবে তাদের অধিকার থেকে বঞ্চিত হচ্ছে। এ রকম ৬টি অধিকারের কথা লেখ।
৩৫। মানবাধিকার কী? জাতিসংঘ কত সালে 'মানবাধিকার সার্বজনীন ঘোষণাপত্র' অনুমোদন করে? ৪টি মৌলিক অধিকারের নাম লেখ।
৩৬। নারী ও শিশু পাচার কি ধরনের কাজ? নারী ও শিশু পাচার বন্ধে তোমার করণীয় ৫টি বাক্যে লেখ।
৩৭। আজ থেকে বহু বছর আগে মার্চ মাসের ৮ তারিখে একটি পোশাক কারখানায় নারী শ্রমিকেরা সর্বপ্রথম আন্দোলন করেন। কত সালে এ আন্দোলন সংঘটিত হয়েছিল? উক্ত আন্দোলনটি কোথায় হয়েছিল? এ আন্দোলন সম্পর্কে ৪টি বাক্য লেখ।
৩৮। ৮ই মার্চকে একটি দিবস হিসেবে পালন করা হয়। উক্ত দিবসটির নাম কী? এই দিবসটি আন্তর্জাতিকভাবে পালনের ঘোষণা দেওয়া হয় কত সালে? উক্ত দিবস পালনের ৪টি কারন লেখ।
৩৯। বেগম রোকেয়া কে ছিলেন? নারীদের লেখাপড়া ও নারীদের উন্নয়নের জন্য বেগম রোকেয়া কর্তৃক সম্পাদিত চারটি কাজের নাম লেখ।
৪০। বাংলাদেশের একজন মহীয়সী নারী ১৮৮০ সালে রংপুরে জন্মগ্রহণ করেন। মহীয়সী নারীটির নাম কী? নারী শিক্ষার ক্ষেত্রে তার চারটি অবদান লেখ।
৪১। বেগম রোকেয়াকে কী বলা হয়? বেগম রোকেয়া কত সালে জন্মগ্রহণ করেন? নারী শিক্ষা প্রসারে তার অবদান ৪টি বাক্যে লেখ।
৪২। নারী নির্যাতন কী? নারী নির্যাতন বন্ধে কী ধরনের সামাজিক ও রাজনৈতিক পদক্ষেপ গ্রহণ করতে পার?
৪৩। সমাজকে সুন্দর ও সুশৃঙ্খল রাখতে তুমি সুবিধাবঞ্চিতদের প্রতি কিরূপ দায়িত্ব পালন করবে? তোমার এ ধরনের আরও ৫টি দায়িত্ব উল্লেখ কর।
৪৪। বাড়িতে সংঘটিত দুর্ঘটনা থেকে বাঁচার বেশ কিছু উপায় আছে। এ রকম ৬টি উপায় লেখ।
৪৫। আমরা কখনো কখনো রাস্তায় দুর্ঘটনায় পড়ি। এসব দুর্ঘটনা এড়াতে আমরা যেসব পন্থা অবলম্বন করতে পারি এ রকম পাঁচটি উপায় লেখ।
৪৬। দেশপ্রেম কী? দেশপ্রেম প্রয়োজন কেন? একজন দেশপ্রেমিকের ৪টি বৈশিষ্ট্য লেখ।
৪৭। রাষ্ট্র পরিচালনার জন্য কী প্রয়োজন? নিয়মিত কর দেওয়া উচিৎ কেন? নিয়মিত কর দেওয়ার ৫টি সুফল লেখ।
৪৮। গণতান্ত্রিক মনোভাব কাকে বলে? তুমি কোথায় কোথায় গণতান্ত্রিক আচরণ করবে। তোমার বাড়ি ও বিদ্যালয়ে গণতন্ত্র চর্চার দুইটি উপায় লেখ।
৪৯। গণতান্ত্রিক মনোভাব কী? গণতন্ত্রের ২টি সুফল লেখ। বিদ্যালয়ে গণতান্ত্রিক সিদ্ধান্ত গ্রহণের তিনটি ধাপ লেখ।
৫০। আমাদের রাষ্ট্র পরিচালনার একটি মূলনীতি প্রতিষ্ঠার জন্য এদেশের জনগণ দীর্ঘদিন সংগ্রাম করেছে। এখানে কোন মূলনীতিটির কথা বলা হয়েছে? মূলনীতিটি সম্পর্কে চারটি বাক্য লেখ।
৫১। রাজনৈতিকভাবে বাংলাদেশ কী ধরনের রাষ্ট্র? বাড়িতে সিদ্ধান্ত নেওয়ার আগে আমাদের কী করা উচিত? কর্মক্ষেত্রে গণতান্ত্রিক মনোভাবের ব্যবহার সম্পর্কে তিনটি বাক্য লেখ।
৫২। তোমার শ্রেণিতে শ্রেণিনেতা নির্বাচন করতে হবে। এক্ষেত্রে তুমি যাকে যোগ্য মনে করে ভোট দিবে তার পাঁচটি গুণ উল্লেখ কর।
৫৩। গারোরা কোথা থেকে বাংলাদেশে এসেছিল? গারোদের নিজস্ব ভাষার নাম কী? ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর প্রতি আমরা কীভাবে গণতান্ত্রিক মনোভাব প্রকাশ করতে পারি চার বাক্যে লেখ।
৫৪। ত্রিপুরারা কোন ধর্মের অনুসারী? তাদের ভাষার নাম কী? ৪ বাক্যে ত্রিপুরাদের সমাজ ব্যবস্থা লেখ।
৫৫। বাংলাদেশের একটি ক্ষুদ্র জনগোষ্ঠীর আদি ধর্মের নাম 'সাংসারেক'। এ জনগোষ্ঠিটির নাম কী? এদের আদি নিবাস ছিল কোথায়? এদের সমাজব্যবস্থা সম্পর্কে তিনটি বাক্য লেখ।
৫৬। দেশের উত্তরবঙ্গের এক ক্ষুদ্র জনগোষ্ঠী বাস করে যাদের ভাষা 'কুড়ুখ'। এ জনগোষ্ঠীর নাম কী? এ জনগোষ্ঠীর প্রধান উৎসবের নাম কী? তাদের সমাজব্যবস্থার তিনটি বৈশিষ্ট্য তুলে ধর।
৫৭। গারোদের বাসস্থান সম্পর্কে পাঁচটি বাক্য লেখ।
৫৮। জাতিসংঘের পাঁচটি উদ্দেশ্য রয়েছে। এসব উদ্দেশ্যের মধ্য থেকে তুমি তোমার দেশের জন্য কোন উদ্দেশ্যটিকে উপকারী বলে মনে কর? উদ্দেশ্যটিকে উপকৃত মনে করার কারণ চারটি বাক্যে লেখ।
৫৯। বর্তমানের জাতিসংঘের সদস্য কত? জাতিসংঘের একটি প্রশাসনিক শাখার নাম কী? জাতিসংঘ কেন প্রতিষ্ঠিত হয়েছিল ৫টি বাক্যে লেখ?
৬০। ইউনিসেফের সদর দপ্তর কোথায়? এর কাজ কী? ইউনিসেফের চারটি কাজ লেখ।
৬১। বিশ্বশান্তি প্রতিষ্ঠার লক্ষ্যে ১৯৪৫ সালের ২৪ এ অক্টোবর একটি সংস্থা গঠিত হয়। সংস্থাটির নাম কী? সংস্থাটির কতটি শাখা রয়েছে? সংস্থাটি গঠনের প্রধান তিনটি উদ্দেশ্য লেখ।
৬২। ১৯৮৫ সালে দক্ষিণ এশিয়ায় একটি সংস্থা গঠিত হয়। সংস্থাটির নাম কী? এর সর্বশেষ সদস্য কবে যুক্ত হয়? সংস্থাটির তিনটি লক্ষ্য ও উদ্দেশ্য লেখ।
৬৩। সমাজ কী? সমাজের প্রয়োজন কেন? সমাজের প্রতি আমাদের ৪টি কর্তব্য লেখ।